গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রাজাপুর,ঝালকাঠি।

স্মারক নং-১৩.০১.৪২৮৪.০০২.১৮.০২২.১৭.৫৪১

তারিখঃ ০৬/১১/২০২৪ খ্রিঃ

**রাজাপুর জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৮/১০/২০২৪ খ্রি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এর অনুবৃত্তিক্রমে উপজেলা কমিটির ০৪/১১/২০২৪ খ্রি. তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক রাজাপুর খোলা বাজারে খাদ্যশস্য বিক্রির (ওএমএস) জন্য ০৩ টি বিক্রয় কেন্দ্রের জন্য ১ জন করে ওএমএস ডিলার নিয়োগ করা হবে।

| ক্রঃ নং | নির্বাচিত স্থান | ডিলার সংখ্যা |
|---|---|---|
| ০১ | ডাকবাংলা মোড় | ০১ |
| ০২ | রাজাপুর বাজার | ০১ |
| ০৩ | বাইপাস মোড় | ০১ |

নিম্নবর্ণিত শর্তাবলী পালনপূর্বক যোগ্যতা সম্পন্ন আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**শর্তসমূহ:**

১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।
২। আবেদনকারীকে হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
৩। আবেদনকারীকে খাদ্যশস্যের হালনাগাদ খাদ্যশস্য/মুদি ব্যবসায়ের লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে।
৪। আবেদনকারীকে নির্ধারিত বিক্রয়কেন্দ্রে নিজস্ব বা ভাড়ার দোকান থাকতে হবে। (আবেদনকালে প্রমাণক কাগজপত্র/ভাড়ার চুক্তিপত্র জমা দিতে হবে)।
৫। আবেদনকারীর কমপক্ষে ০৩(তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী নিরাপদ সংরক্ষণাগার থাকতে হবে এবং মেঝে পাকা থাকতে হবে।
৬। আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে।
৭। নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/ দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৮। খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য অবেদন করতে পারবেন না।
৯। খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্য বান্ধব ডিলার হিসেবে কার্যরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১০। প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১১। কোন ব্যক্তি ওএমএস ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশীপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশীপ বাতিল হবে।
১২। ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।
১৩। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/ তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিক্স ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
১৪। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণও নীতিমালা-২০২৪ মোতাবেক নতুনভাবে আবেদন করতে পারবেন।
১৫। আবেদনকারীকে বর্ণিত যে কোন একটি বিক্রয় কেন্দ্রের অনুকূলে আবেদন করতে হবে। একটি বিক্র য় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে।
১৬। ডিলার হিসেবে মনোনীত হলে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ফেরতযোগ্য জামানত পে- অর্ডার আকারে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজাপুর , ঝালকাঠি বরাবর জমা রাখতে হবে।
১৭। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে (আবেদন পত্রের সাথে ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সার্টিফিকেট জমা দিতে হবে)।
১৮। আবেদনকারীকে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কাঠালিয়া হতে **আবেদন ফরম** ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। আবেদন ফরম পূরন করে তার সহিত ক) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, গ) নাগরিকত্ব সনদ, ঘ) হালনাগাদ খাদ্যশস্য লাইসেন্সের সত্যায়িত কপি, ঙ) ব্যাংক কর্তৃক আর্থিক স্ববচ্ছলতার সনদ, চ) ট্রেডলাইসেন্সের সত্যায়িত কপি, ছ) অঙ্গিকার নামা জ) ৩ মে. টনের অধিক খাদ্যশস্য ধারণক্ষম দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত পূর্বক ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ হতে ১৪/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজাপুর ঝালকাঠি -এ জমা প্রদান করতে হবে। আবেদন পত্রে আবেদিত বিক্রয় কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
১৯। কর্তৃপক্ষ প্রয়োজনে ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
২০। এই বিজ্ঞপ্তিটি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজাপুর -এর ওয়েবেপোর্টাল **food.rajapur.gov.bd** এ পাওয়া যাবে।

উপজেলা ওএমএস কমিটির রাজাপুর অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৬/১১/২৪

(শাহনার্জ পারভীন)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
রাজাপুর
ও
সদস্য সচিব-উপজেলা ও এম এস কমিটি রাজাপুর।

স্মারক নং-১৩.০১.৪২৮৪.০০২.১৮.০২২.১৭.৫৪১

তারিখ-০৬/১১/২০২৪ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, ঝালকাঠি।
৬। সম্পাদক, দৈনিক ঝালকাঠি বার্তা আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি আগামী ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল।
৭। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
৮। দপ্তর কপি।

০৬/১১/২৪

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
রাজাপুর,ঝালকাঠি।